

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৭৬১(আগরতলা, ০৫।১১)
উদয়পুর, ০৫ নভেম্বর, ২০১৮

রাধাকিশোরপুর থানার অন্তর্গত নির্দিষ্ট স্থানে বাজি পোড়ানোর বিজ্ঞপ্তি

সুপ্রীম কোর্টের নির্দেশ অনুসারে আসন্ন দীপাবলি উৎসব উপলক্ষে শব্দবাজি পোড়ানোর ক্ষেত্রে রাধাকিশোরপুর থানার পক্ষ থেকে এক আদেশনামায় জনগণের অবগতির জন্য জানানো হয়েছে, দীপাবলি উৎসব উপলক্ষে শব্দবাজি রাত ৮টা থেকে ১০টা পর্যন্ত নির্ধারিত স্থানে পোড়ানো যাবে। স্থানগুলি হল - রমেশ বিদ্যালয়ের মাঠ, চন্দ্রপুর কলোণী স্টেডিয়াম মাঠ, বাগমা স্কুল মাঠ। এর বাইরে যত্রতত্র নিজ নিজ পছন্দ অনুযায়ী জায়গায় বাজি পোড়ানো আইনত দণ্ডনীয় বলে বিবেচিত হবে।
